# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 04 May, 2025

ময়মনসিংহের গফরগাঁওয়ে দাখিল পরীক্ষায় অসদুপায় অবলম্বন দায়ে ৪ দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

রবিবার (৪ মে) উপজেলার গয়েশপুর দারুল উলুম ফাজিল মাদ্রাসা পরীক্ষা কেন্দ্রে এই ঘটনা ঘটে।

কেন্দ্র সচিব মিজানুর রহমান ৪ পরীক্ষার্থীকে ঘটনার বিষয়টি নিশ্চিত করেন।

তিনি বলেন, গফরগাঁও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনএম আবদুল্লাহ আল মামুন পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে আসেন।এ সময় অসদুপায় অবলম্বনের দায়ে ৪ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন।বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে দুইজন পদার্থ ও দুইজন ইতিহাস বিভাগের পরীক্ষার্থী।

গফরগাঁও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এনএম আবদুল্লাহ আল মামুন জানান পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় গয়েশপুর দারুল উলুম ফাজিল মাদ্রাসা কেন্দ্রে  ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

তিনি আরও বলেন, পরীক্ষায় কোন রূপ অসদুপায় অবলম্বন না করার জন্য তিনি অভিভাবকদের পরামর্শ ও সহযোগিতা চেয়েছেন এবং নকলের বিরুদ্ধে উপজেলা প্রশাসন গফরগাঁও এর 'জিরো টলারেন্স নীতি অব্যাহত থাকবে।

শিক্ষার্থী বহিষ্কার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 11:33

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/6921671908